গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
বাজেট-১ শাখা
www.mhapsd.gov.bd

বিষয় : ১২/০১/২০২৩খ্রি: তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ খায়রুল আলম সেখ, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), জননিরাপত্তা বিভাগ।
স্থান : স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ।
সভার তারিখ ও সময় : ১২/০১/২০২৩খ্রি: ২.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর সভাপতি আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য সচিব ও সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কে আহবান জানান।

০২। সিনিয়র সহকারী সচিব (বাজেট-১) কর্তৃক জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন বিভাগ দপ্তর/অধিদপ্তরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতে প্রস্তাবিত বাজেটের ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করা হয়।

০৩। সভায় উপস্থাপিত প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনায় জননিরাপত্তা বিভাগ এর পরিকল্পনা অনুবিভাগ, অধিদপ্তরের কর্মকর্তাগণ, অর্থ বিভাগের প্রতিনিধি এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা আলোচনায় অংশগ্রহণ করেন। ২০২৩-২০২৪ অর্থবছরে রাজস্ব প্রাপ্তির প্রস্তাবিত লক্ষ্যমাত্রা অনুযায়ী রাজস্ব অর্জন করা সম্ভব হবে মর্মে অধিদপ্তরের কর্মকর্তাগণ একমত পোষণ করেন। তবে বাংলাদেশ পুলিশের আন্তর্জাতিক শান্তি মিশনের কন্টিনজেন্ট কমে যাওয়ায় রাজস্ব আয়ের পরিমাণ কম হলেও নতুন নতুন ক্ষেত্র চিহ্নিতকরণের মাধ্যমে লক্ষ্যমাত্রা অনুযায়ী সিলিং অর্জনের জন্য চেষ্টা অব্যাহত রয়েছে।

০৪। বাহিনীর অপারেশনাল সক্ষমতা বৃদ্ধিকরণের নিমিত্ত পেট্রোল, ওয়েল ও লুব্রিক্যান্ট, অস্ত্র ও গোলাবারুদ, নিরাপত্তা সামগ্রী, মোটরযান, অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সরঞ্জামাদি, কম্পিউটার ও আনুষঙ্গিক, বেতার সরঞ্জামাদি, কম্পিউটার সফটওয়্যার ক্রয় ইত্যাদি খাতে চাহিদার তুলনায় বরাদ্দ অপ্রতুল মর্মে সভায় উপস্থিত অধিদপ্তরের প্রতিনিধিগণ মতামত ব্যক্ত করেন।

০৫। সম্পদের সীমাবদ্ধতা এবং চলমান আর্থিক অবস্থা বিবেচনায় রেখে মিতব্যয়িতার সাথে দক্ষতা ও ফলপ্রসূ কর্মপদ্ধতি অনুসরণ করে দায়িত্ব পালনের জন্য সভাপতি সকলকে আহবান জানান।

০৬। সভায় রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ও প্রাথমিক ব্যয়সীমার খসড়া প্রস্তাবের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয়:

(ক) ২০২৩-২০২৪ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা, উন্নয়ন ও পরিচালন খাতের প্রাক্কলন এবং ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণের বিভাজন নিম্নবর্ণিত ছক মোতাবেক সর্বসম্মতিতে গৃহিত হয়।

ছক

রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা/প্রক্ষেপণ (অংকসমুহ হাজার টাকায়)

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২২-২০২৩ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা | ২০২৩-২০২৪ অর্থ বছরের প্রস্তাবিত রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন | ২০২৪-২০২৫ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ | ২০২৫-২০২৬ অর্থ বছরের রাজস্ব প্রাপ্তির প্রক্ষেপণ |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ১৫,৪১,৩৪ | ১৬,৯৫,৪৮ | ১৮,৬৫,৩২ | ২০,৫১,২৬, |
| ২ | বাংলাদেশ পুলিশ | ৭৭২,৮৩,৬৬ | ৮৫০,১২,০২ | ৯৩৫,১৩,২৩ | ১০২৮,৬৪,৫৫ |
| ৩ | বর্ডার গার্ড বাংলাদেশ | ২৫,১১,০০ | ২৭,৬২,১০ | ৩০,৩৮,৩১ | ৩৩,৪২,১৪ |
| ৪ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৩,০০,০০ | ৩,৩০,০০ | ৩,৬৩,০০ | ৩,৯৯,৩০ |
| ৫ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৫,৩৪,০০ | ১৬,৮৭,৪০ | ১৮,৫৬,১৪ | ২০,৪১,৭৫, |
| | সর্বমোট রাজস্ব প্রাপ্তি | ৮৩১,৭০,০০ | ৯১৪,৮৭,০০ | ১০০৬,৩৬,০০ | ১১০৬,৯৯,০০ |

চলমান পাতা-০২

প্রস্তাবিত ব্যয়সীমা/প্রাক্কলন (পরিচালন ও উন্নয়নসহ) (অংকসমূহ হাজার টাকায়)

| ক্র: নং | মন্ত্রণালয়/দপ্তর/অধিদপ্তর | ২০২২-২০২৩ অর্থবছরের সর্বমোট বাজেট (পরিচালন ও উন্নয়ন) | ২০২৩-২০২৪ অর্থবছরের প্রস্তাবিত ব্যয়সীমা/ প্রাক্কলন (পরিচালন ও উন্নয়ন) | ২০২৪-২০২৫ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) | ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণ (পরিচালন ও উন্নয়ন) |
|---|---|---|---|---|---|
| ১ | জননিরাপত্তা বিভাগ | ৩১০,৫১,০০ | ৩২২,৪৫,০২ | ৪৪১,৩৯.৩৮ | ৪৬৭,৪৬,৩৪ |
| ২ | উপদেষ্টা বোর্ড | ১১,০০ | ১১,০০ | ১১,০০ | ১১,০০ |
| ৩ | তদন্ত সংস্থা | ১১,০০,০০ | ১২,০০,০০ | ১২,৬০,০০ | ১৩,৪৮,২০ |
| ৪ | এনটিএমসি | ২৭৩,৯৭,০০ | ২৮৭,৬৬,৮৫ | ২৯১,৭৭,৮০ | ৩১২,২০,২৫ |
| ৫ | ইন্টারপোল | ৮০,০০ | ১,৫০,০০ | ১,৫০,০০ | ১,৫০,০০ |
| ৬ | বাংলাদেশ পুলিশ | ১৭০২৫,৬৯,১৮ | ১৭৮৭৬,৯৭,৬৩ | ১৯০৩৮,৯৭,৭৭ | ২০৩৭১,৭০,৮৩ |
| ৭ | বর্ডার গার্ড বাংলাদেশ | ৪০৯৬,০৫,৪৩ | ৪৩০০,৮৫,৭০ | ৪৫৮০,৪১,২৭ | ৪৯০১,০৪,১৬ |
| ৮ | বাংলাদেশ কোস্ট গার্ড | ৮৭৭,৬১,০০ | ৯২৫,৪৯,০৬ | ৯৮৫,৬৪,৬৮ | ১০৫৯,৫৯,৪২ |
| ৯ | আনসার ও ভিডিপি অধিদপ্তর | ১৯৯৮,২৬,৪২ | ২০৯৮,১৭,৭৪ | ২২৩৪,৫৫,৮৯ | ২৩৯০,৯৭,৮০ |
| | মোট= | ২৪৫৯৪,০১,০৩ | ২৫৮২৫,২৩,০০ | ২৭৫৮৬,৯৮,০০ | ২৯৫১৮,০৮,০০ |

(খ) রাজস্ব আয় বৃদ্ধির ক্ষেত্র চিহ্নিত করে সরকারের রাজস্ব আয় বৃদ্ধি করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়।

(গ) বাজেট পরিপত্র -১ মোতাবেক ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬ অর্থবছরের প্রক্ষেপণ নির্ধারণে উন্নয়ন বাজেটে সর্বোচ্চ বরাদ্দ প্রদান নিশ্চিত করে বাজেট ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে। এক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে সরকারের উন্নয়ন প্রকল্পসমূহ যথাসময়ে বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ করা হয়।

(ঘ) জননিরাপত্তা বিভাগ ও এর আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের আগামী ২০২৩-২০২৪ অর্থবছরের বাজেটে খাতভিত্তিক অর্থ বরাদ্দের সময় যৌক্তিকতা বিবেচনায় অর্থ বিভাজন নিশ্চিত করতে হবে। এক্ষেত্রে বছর বছর একই খাতে ক্রমবর্ধমানহারে অর্থ বরাদ্দ না করে নতুন নতুন চাহিদার ক্ষেত্র চিহ্নিত করে উক্ত চাহিদার বিপরীতে অর্থ বরাদ্দের সিদ্ধান্ত গৃহিত হয়।

০৭। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
(মোঃ খায়রুল আলম সেখ)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ )
ও
সভাপতি
বাজেট ওয়ার্কিং গ্রুপ, জননিরাপত্তা বিভাগ।

১। ------------------------------------------------------------------------------------------------দপ্তর/অধিদপ্তর প্রধান সকল।
২। সদস্য, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৩। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
৪। অতিরিক্ত সচিব,আসী/পুলিশ ও এনটিএমসি/ রাজনৈতিক ও আইসিটি/ আইন ও শৃংখলা/উন্নয়ন জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৫। অতিরিক্ত সচিব(বাজেট-১), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, ঢাকা।
৬। উপসচিব (প্রশাসন-২), জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৭। চিফ একাইন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন,সেগুন বাগিচা,ঢাকা।
৮। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৫৫১০০৮৪৯

স্মারক নং- ৪৪.০০.০০০০.০২৪.২০.০০১.২০২৩- ৬৩৭

তারিখঃ ০৪ মাঘ ১৪২৯ বঙ্গাব্দ
১৮ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ-সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। সহকারী প্রোগ্রামার, আইসিটি সেল, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। অতিরিক্ত সচিব (বাজেট) মহোদয় এর ব্যক্তিগত কর্মকর্তা, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

(বিকাশ বিশ্বাস)
সিনিয়র সহকারী সচিব